Aladdin





## মালয়েশিয়ায় ২১৪ বাংলাদেশীসহ আটক ছয় শতাধিক

**ঢাকা ডেস্ক:** মালয়েশিয়ায় ২১৪ বাংলাদেশউসহ ৬০২ অবৈধ অভিবাসীকে আটক করেছে অভিবাসন বিভাগ। শনিবার স্থানীয় সময় দুপুর ১২টায় দেশটির সেলাঙ্গর রাজ্যের শাহ আলমের

*(বাকি অংশ ২৯ এর পাতায়)*

## মুন্সীগঞ্জে বদরুদ্দোজা চৌধুরীর দাফন সম্পন্ন



**ঢাকা ডেস্ক:** মুন্সীগঞ্জে চতুর্থ জানাজা শেষে সাবেক প্রেসিডেন্ট ও বিকল্প ধারার প্রতিষ্ঠাতা ডা. একিউএম বদরুদ্দোজা চৌধুরীর দাফন সম্পন্ন হয়েছে। রোববার (৬ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে মুন্সীগঞ্জের শ্রীনগর কেসি *(বাকি অংশ ৪ এর পাতায়)*


The Weekly Bangla Patrika

# বাংলা পত্রিকা

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯এ পদার্পণ

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ সংখ্যা ০৩ সোমবার আশ্বিন ২২ ১৪৩১ / রবিউস সানি ০৩, ১৪৪৬ / Vol. 29 / Issue 03 / October 7, 2024 USA. Free in NY, Other State $1


*লড়ছেন 'রুহুল-জাহিদ' ও সেলিম-আলী' প্যানেল : ভোট পেতে নানা প্রতিশ্রুতি : প্রচারণা তুঙ্গে*

# ১৯দিন পর বাংলাদেশ সোসাইটির নির্বাচন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা' সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের দ্বি-বার্ষিক (২০২৪-২০২৫) নির্বাচন আগামী ২৭ অক্টোবর রোববার। এবারের নির্বাচনে মোট সদস্য হচ্ছে প্রায় ১৯ হাজার। এরাই হবেন সোসাইটির ভোটার। এরমধ্যে আজীবন সদস্য ৮৫৩জন। সবকিছু ঠিকঠাক থাকলে ঐদিন ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। এবারের নির্বাচনে 'রুহুল-জাহিদ' ও 'সেলিম-আলী' প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছেন। এই দুই প্যানেল থেকে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। 'সেলিম-আলী' প্যানেলের একজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এদিকে নির্বাচন ঘিরে ভোট প্রার্থনায় প্যানেল দুটির প্রার্থীরা দ্বারে দ্বারে ঘুরছেন, করছেন সভা-সমাবেশ, চলছে নানাভাবে প্রচারণা। বলা যায় সোসাইটির নির্বাচনী প্রচারণা এখন তুঙ্গে। এদিকে চলতি সপ্তাহেই নির্বাচন কমিশন ভোট কেন্দ্র চূড়ান্ত করবে। এজন্য খোঁজা হচ্ছে সুবিধাজনক স্থান।


বাংলাদেশ সোসাইটির নির্বাচন ঘিরে কমিউনিটিতে নানা জল্পনা-কল্পনা চলছে। জ্যামাইকা থেকে ম্যানহাটান আর ব্রুকলীন থেকে ব্রঙ্কস মাঝে ওজনপার্ক, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া প্রভৃতি এলাকায় দিন-রাত ছলছে নির্বাচনী প্রচার-প্রচারণা। তবে সন্ধ্যাপর থেকে মধ্য রাত পর্যন্ত জমে উঠছে নির্বাচনী সভা, বৈঠক। পাশাপাশি চলছে রং বে রং- *(বাকি অংশ ৩১ এর পাতায়)*

# নতুন পরিকল্পনায় হোম কেয়ার সার্ভিস দু:শ্চিন্তায় জড়িত ব্যবসায়ীরা

**শাহ্ সুমন:** নিউইয়র্কে হোমকেয়ারের সিডিপ্যাপ (সিডিপিএপি) সার্ভিসে নতুন পরিকল্পনায় সার্ভিসের কার্যক্রম চালুর ঘোষণায় ক্ষতিগ্রস্ত হওয়ার দু:শ্চিন্তায় রয়েছেন ব্যবসায় জড়িত প্রায় ৭ শত এজেন্সী কর্তৃপক্ষ। তাদের অধীনে কর্মরত কয়েক হাজার কর্মী কাজ হারাতে পারেন এমনটি দাবি এজেন্সী সংশ্লিষ্টদের।

গভর্ণর ক্যাথি হোকুল হোম কেয়ার সার্ভিসের নতুন পরিকল্পনা ও পদক্ষেপ ঘোষণা করে দাবি করেন, নতুন পরিকল্পনায় হোম কেয়ার সার্ভিস দীর্ঘমেয়াদী ও শক্তিশালী এবং নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। মঙ্গলবার (১ অক্টোবর) ক্যাথি হোকুল এ নতুন পরিকল্পনা ও পরবর্তী পদক্ষেপ ঘোষণা করেছেন।

এদিকে গভর্ণরের ঘোষিত নতুন পরিকল্পনায় হোম কেয়ার সার্ভিসের সিডিপ্যাপ সেবায় পরিবর্তন না হলেও নির্দিষ্ট একটি এজেন্সিকে দিয়ে কিভাবে কার্যক্রম চালাবেন কর্তৃপক্ষ সেটি স্পষ্ট নয় বলে জানিয়েছেন হোম কেয়ার সার্ভিস এজেন্টরা।




জানা গেছে, হোমকেয়ার ব্যবহারকারীদের উচ্চমানের সেবা প্রদান, পরিচর্যাকারীদের সহায়তা এবং সিডিপ্যাপ-এর মতো গুরুত্বপূর্ণ প্রোগ্রাম দীর্ঘ মেয়াদী আর স্থিতিশীল করতে ষ্টেট ভিত্তিক পার্টনারশীপ জোটের ভিত্তিতে উদ্যোগ নেয়া হবে। নিউইয়র্ক স্টেটজুড়ে পার্টনারশীপ হিসেবে পাবলিক পার্টনারশীপ এলএলসি(পিপিএল) কাজ করবে। এই পিপিএল এর নিয়ন্ত্রণে নিউইয়র্কের বিভিন্ন স্থানে আঞ্চলিক সংগঠন হিসেবে চারটি এজেন্সী কার্যক্রম চালাবে। এজেন্সীগুলো হলো চাইনীজ আমেরিকান প্লানিং কাউন্সিল, কনসেপ্টস অব ইন্ডিপেন্ডেন্টস ইনক, অ্যাঞ্জেল ইন ইউর হোম, কনজ্যামার ডিরেক্টেড চয়েজেস। এই চার এজেন্সির জোটে ৩০টির মতো উপ আঞ্চলিক সংগঠন থাকবে। সদর দপ্তরের তত্ত্বাবধানে এবং এজেন্সীর নিয়ন্ত্রণে ঐ জোটের কর্মকান্ড পরিচালিত হবে। এতে এক হাজার ২০০ নতুন কর্মসংস্থানের ব্যবস্থা হবে। এই উদ্যোগে প্রায় ২ লাখ ৫০ হাজার নিউইয়র্কবাসী হোম কেয়ার সেবা পাবেন। এই পরিকল্পনায় যেসব এজেন্সীর অধীনে হোম কেয়ার সেবা গ্রহীতা রয়েছেন চলতি বছরের ১ অক্টোবর থেকে আগামী বছর ২০২৫ সালের ৩০ মার্চের মধ্যে সে সকল সেবা গ্রহীতার সব তথ্য ও কাগজাদি ঐ নির্দিষ্ট পিপিএলের কাছে হস্তান্তর কাজ সম্পন্ন করতে হবে। আগামী সপ্তাহখানেকের মধ্যে হস্তান্তরের সুনির্দিষ্ট নির্দেশনা দিবেন কর্তৃপক্ষ। হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হলে আগামী বছরের এপ্রিল মাস থেকে নতুন পরিকল্পনা অনুযায়ী নতুন নিয়োগকৃত জোট হোম কেয়ার সেবা কাজ শুরু করবে।

হোম কেয়ার সেবার ব্যবসায় জড়িতদের সূত্রে জানা *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

*উচ্চ সর্তকতায় এনওয়াইডিপি*

## ৭ অক্টোবর নিউইয়র্কে বিক্ষোভের আশঙ্কা

**বাংলা পত্রিকা ডেস্ক:** ৭ অক্টোবর ইসরায়েল হামাসের যুদ্ধের ১বছর পূর্তিতে নিউইয়র্কে বড় ধরনের বিক্ষোভ হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এদিকে বুধবার রাত থেকে ইহুদি সম্প্রদায়ের ১০ দিন ব্যাপী ধর্মীয় উৎসব 'হাই হলিডে' উদযাপন চলছে। গভর্নর অফিস জানায়, শুক্রবার নিউইয়র্কজুড়ে বেশ কয়েকটি সিনাগগে বোমা হামলার হুমকি পাওয়া গেছে। ইসরায়েল হামাস যুদ্ধের পর থেকে বছরব্যাপী ৪শর বেশি বিক্ষোভ হয়েছে নিউইয়র্ক সিটিতে। পুলিশ জানায়, ৭ *(বাকি অংশ ৬ এর পাতায়)*

## আমলাতন্ত্রই হাসিনাকে ফের রাজনীতিতে ফিরিয়ে আনতে পারে

*টাইম ম্যাগাজিন*

**ঢাকা ডেস্ক:** বাংলাদেশের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা কি আবার বাংলাদেশের রাজনীতিতে ফিরতে পারবেন? গত ৫ আগস্ট ছাত্র-জনতার ব্যাপক গণবিক্ষোভের মুখে পদত্যাগ করে দেশ ছেড়ে ভারতে আশ্রয় নেন ১৫ বছর ক্ষমতা আঁকড়ে থাকা শেখ হাসিনা। ৫ অক্টোবর তার দেশত্যাগের দুই মাস পার হয়েছে। এরই মধ্যে তার বাংলাদেশী পাসপোর্ট বাতিল করে দিয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। হাসিনা এখন ভারতে কোন পরিচয়ে আছেন তা নিয়েও আন্তর্জাতিক মহলে প্রশ্ন উঠেছে। সংবাদমাধ্যমে প্রকাশ, ভারত সরকারও সে দেশে তার অবস্থান নিয়ে বিব্রতকর অবস্থায় রয়েছে। খবর বেরিয়েছে হাসিনা এখন অন্য কোনো দেশে আশ্রয় নেয়ার চেষ্টা করছেন।

এদিকে ৮০ বছরের কাছাকাছি পৌঁছে যাওয়া হাসিনার রাজনীতিতে ফেরার সম্ভাবনা *(বাকি অংশ ৭ এর পাতায়)*

## পলাতক নেতারা এখন নতুন ঠিকানায়

**ঢাকা ডেস্ক:** গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর আওয়ামী লীগের শীর্ষ নেতা, মন্ত্রী ও এমপিরা আত্মগোপনে চলে যান। এর মধ্যে অনেকেই অবৈধভাবে সীমান্ত পথে পাড়ি জমিয়েছেন ভারতে। কেউ অবস্থান করছেন কলকতা, কেউ নয়াদিল্লি, কেউ শিলংয়ে। আবার কেউ পাড়ি জমিয়েছেন যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রে, কানাডা, সিঙ্গাপুর, বেলজিয়াম। একাধিক সূত্র জানিয়েছেন, এর মধ্যে এক ডজন শীর্ষ নেতা বর্তমানে কলকাতায় অবস্থান করছেন। এর মধ্যে দলের কেন্দ্রীয় নেতা থেকে মন্ত্রী, এমপি এবং সহযোগী সংগঠনের শীর্ষ নেতারাও রয়েছেন।

জানা গেছে, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ভারতে অবস্থান করছেন। সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলের ক্যামেরায় দেখা মিলেছে আসাদুজ্জামান খানসহ আওয়ামী লীগের বেশ কয়েকজন নেতাকে। তাঁরা কলকাতার ইকো পার্কে প্রকাশ্যেই ঘুরছেন-এমন চিত্র দেখা গেছে টেলিভিশন চ্যানেলে। আসাদুজ্জামান খান ছাড়াও সেখানে সাবেক সংসদ সদস্য ও আওয়ামী লীগের সংস্কৃতিবিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল, তার স্ত্রী যুব মহিলা লীগের সাবেক সাধারণ সম্পাদক ও এমপি অপু উকিল ও হাজি *(বাকি অংশ ১২ এর পাতায়)*

> **ভারতের দিল্লি কলকাতা শিলংয়ে অবস্থান নিয়েছেন আ. লীগের বেশ কয়েকজন শীর্ষ নেতা, অনেকে গেছেন যুক্তরাজ্য যুক্তরাষ্ট্র কানাডা সিঙ্গাপুর বেলজিয়াম**


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি



কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments



Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

KNOW YOUR ZONE

ZONE 2

“

আমার জোন সম্পর্কে জানা আমাকে উপকূলীয় ঝড় ও হারিকেনের জন্য আমার পরিবার ও বন্ধুদেরকে প্রস্তুত করতে সাহায্য করেছে।

SOFIA



আপনার উপকূলীয় ইভ্যাকুয়েশন জোন সম্পর্কে এবং উপকূলীয় ঝড়ের সময় কিভাবে নিরাপদ থাকতে হয় সে সম্পর্কে **nyc.gov/knowyourzone** ওয়েবসাইট থেকে জেনে নিন।

#knowyourzone

NYCEM
New York City Emergency Management

NYC
Eric Adams
Mayor

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

# GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

## ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

# Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

# জ্যামাইকায় 'তাহের-আরিফ' প্যানেলের পরিচিতি সভা






*(শেষ পাতার পর)* কোলাহলে অনুষ্ঠানস্থল মিলন মেলায় পরিণত হয়। বিপুল সংখ্যক পুরুষদের পাশাপাশি উল্লেখযোগ্য সংখ্যক মহিলাদের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতো। সন্ধ্যা থেকে প্রায় মধ্যরাত পর্যন্ত চলে সভার কার্যক্রম।

সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি আবদুর রহিম সভায় সভাপতিত্ব করেন। পবিত্র কোরআন তেলাওয়াত এবং গীতা পাঠের মধ্য দিয়ে সভা শুরু হয়। স্বাগত বক্তব্য রাখেন সমিতির সাবেক সহ-সভাপতি ও অন্তর্বর্তীকালীন কমিটির অন্যতম সদস্য তারিকুল হায়দার চৌধুরী। সভা পরিচালনা করেন 'তাহের-আরিফ' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব কামাল হোসেন মিঠু।

অনুষ্ঠানে 'তাহের-আরিফ' প্যানেলের সকল প্রার্থীদের পরিচয় করিয়ে দেয়া হয়। এসময় উপস্থিত চট্টগ্রামবাসী তুমুল করতালির মাধ্যমে 'তাহের আরিফ' পরিষদের প্রতি তাদের অকুণ্ঠ সমর্থন ব্যক্ত করেন।

সভার বক্তব্য রাখেন সমিতির সাবেক সভাপতি এবং ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ হানিফ, সাবেক সভাপতি কাজী সাখাওয়াত হোসেন আজম, সাবেক সভাপতি সারওয়ার জামান সিপিএ, সাবেক সাধারণ সম্পাদক মুনির আহমেদ, রাঙ্গুনিয়া উপজেলার সরফভাটা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আলী, সাবেক নির্বাচন কমিশনার এবং উপদেষ্টা আবু তালেব চৌধুরী চান্দু, মূলধারার রাজনীতিক ও সমিতির আজীবন সদস্য খোরশেদ খন্দকার, হাটহাজারী উপজেলা চেয়ারম্যান (সাবেক) রাশেদুল আলম, সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য ইঞ্জিনিয়ার সৈয়দ রফিক আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ও জ্যামাইকা মুসলিম সেন্টারের সাধারণ সম্পাদক আফতাব মান্নান, আজীবন সদস্য জাহাঙ্গীর আলম, মিরেরশ্বরাই সমিতির সাবেক সভাপতি জিএম ফারুক, সমিতির আজীবন সদস্য ও অন্তবর্তীকালীন কমিটির সদস্য আবুল কাশেম (চট্টল কাশেম), চবি এলমনাই এসোসিয়েশনে ইউএসএ'র সভাপতি অধ্যাপক সোলাইমান, বিশিষ্ট ব্যাংকার ফজলুল কাদের চৌধুরী, এডভোকেট আবদুল হামিদ, নুর মোহাম্মদ সওদাগর, সিরসরাই সমিতি ইউএসএ'র সভাপতি মেজবা আহমেদ, চট্টগ্রাম সমিতির সাবেক সাংগঠনিক সম্পাদক আরিফ চৌধুরী, আজীবন সদস্য শওকত হোসেন, আবদুল করিম, মোহাম্মদ ঈসা, অজয় বড়ুয়া, মুরাদুল আলম, আক্তার হোসেন, কালাম চৌধুরী প্রমুখ।



এছাড়া সভায় সমিতির প্রতিষ্ঠাতা সদস্য মোহাম্মদ আমিন, মীরসরাই সমিতির উপদেষ্টা আবু তাহের, জাকির হোসেন, আবু তাহের, নুরুল কবির ননা মিয়া, ইলিয়াচ, আরিফ হোসেন আরিফ প্রমুখ আরো উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, 'তাহের-আরিফ' প্যানেলের সকল প্রার্থীই যোগ্য এবং সৎ। কারোর বিরুদ্ধে কোন রকমের দূর্নীতির অভিযোগ নেই। এরা সকলেই সমিতির অতীত কর্মকান্ডে প্রত্যক্ষ ভূমিকা রেখেছেন। সমিতির দূর্দিনে পাশে ছিলেন, সমিতিকে রাহুর হাত থেকে মুক্ত করার আন্দোলনে অগ্রভাগে ছিলেন। এই প্যানেল নির্বাচিত হলে এই প্যানেলের মাধ্যমে চট্টগ্রাম সমিতি একটি আধুনিক প্রতিষ্ঠানে রূপান্তরিত হবে।

সভায় বক্তারা আরো বলেন, 'তাহের-আরিফ' প্যানেল নির্বাচিত হলে তাদের মাধ্যমেই গড়ে তোলা হবে 'চট্টগ্রাম কনভেনশন সেন্টার'। এই সেন্টার প্রবাসী চট্টগ্রামবাসীর তথা নিউইয়র্কবাসীর সেবা প্রদান করবে। পাশাপাশি কানেকটিকাটে আরো একটি কনভেনশন সেন্টার গড়ে তোলার প্রতিশ্রুতি ব্যক্ত করেন সকলে।

সবশেষে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন 'তাহের-আরিফ' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান ও সমিতির সাবেক সাধারণ সম্পাদক এবং অন্তবর্তীকালীন কমিটির সদস্য মোহাম্মদ সেলিম। নৈশভোজের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘটে।






The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

# সংবাদমাধ্যমের স্বাধীনতা

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের নিয়মিত ব্রিফিংয়ে গত ৩০ সেপ্টেম্বর সোমবার বাংলাদেশ-সংক্রান্ত তিনটি প্রশ্ন উত্থাপন করা হয়েছিল। তার একটি ছিল সংবাদমাধ্যমের স্বাধীনতা নিয়ে। ম্যাথিউ মিলার এই প্রশ্নের একটি সংক্ষিপ্ত জবাব দিলেও জবাবটি তাৎপর্যপূর্ণ। বাংলাদেশের পাঁচ সাংবাদিকের নাম করে এবং আরও কয়েকজনের কথা উল্লেখ করে ম্যাথিউ মিলারকে প্রশ্ন করা হয়েছিল, 'তাঁদের জামিন না দিয়ে কারাগারে পাঠানো হয়েছে।

> *কূটনৈতিক ভাষার সহজ অনুবাদে বলা যায়, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর যখন মানবাধিকার কিংবা সংবাদমাধ্যমের স্বাধীনতা, গণতান্ত্রিক অধিকার ইত্যাদি নিয়ে কথা বলে, তখন তাদের বারোয়ারি বলার ধরনটা হলো, 'শুধু বাংলাদেশে নয়, বিশ্বব্যাপী এই সংকট আছে'। কিন্তু বাংলাদেশ প্রসঙ্গে তিনি আলাদাভাবে প্রথম বাক্যটি বলেছেন। এরপর যোগ করেছেন সারা বিশ্বের কথা। এ কারণেই এই একটি বাক্য তাৎপর্যময়।*
> *ড. ইউনূস সরকারের প্রতি যুক্তরাষ্ট্র রাজনৈতিক, অর্থনৈতিক সমর্থন জানিয়েছে। জো বাইডেনের সঙ্গে ড. ইউনূসের ছবি প্রকাশিত হয়েছে সংবাদমাধ্যমে। সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের সঙ্গেও তাঁর ঘনিষ্ঠতার প্রকাশ দেখেছে মানুষ। পৃথিবীব্যাপী পরিচিতি আছে ড. ইউনূসের। সুতরাং তাঁর সরকারের ব্যাপারে কথা বলার সময় মার্কিন পররাষ্ট্র দপ্তর যে হিসাব করেই কথা বলবে, সেটা নতুন করে বলার কিছু নয়। কিন্তু বাংলাদেশের নামটি আলাদা উচ্চারণ করে ম্যাথিউ মিলার যুক্তরাষ্ট্রের কাছে সংবাদমাধ্যমের স্বাধীনতার মূল্য কতখানি, তা কি বর্তমান বাংলাদেশ সরকারকে বুঝিয়ে দিলেন?*

কূটনৈতিক ভাষার সহজ অনুবাদে বলা যায়, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর যখন মানবাধিকার কিংবা সংবাদমাধ্যমের স্বাধীনতা, গণতান্ত্রিক অধিকার ইত্যাদি নিয়ে কথা বলে, তখন তাদের বারোয়ারি বলার ধরনটা হলো, 'শুধু বাংলাদেশে নয়, বিশ্বব্যাপী এই সংকট আছে'। কিন্তু বাংলাদেশ প্রসঙ্গে তিনি আলাদাভাবে প্রথম বাক্যটি বলেছেন। এরপর যোগ করেছেন সারা বিশ্বের কথা। এ কারণেই এই একটি বাক্য তাৎপর্যময়।

ড. ইউনূস সরকারের প্রতি যুক্তরাষ্ট্র রাজনৈতিক, অর্থনৈতিক সমর্থন জানিয়েছে। জো বাইডেনের সঙ্গে ড. ইউনূসের ছবি প্রকাশিত হয়েছে সংবাদমাধ্যমে। সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের সঙ্গেও তাঁর ঘনিষ্ঠতার প্রকাশ দেখেছে মানুষ। পৃথিবীব্যাপী পরিচিতি আছে ড. ইউনূসের। সুতরাং তাঁর সরকারের ব্যাপারে কথা বলার সময় মার্কিন পররাষ্ট্র দপ্তর যে হিসাব করেই কথা বলবে, সেটা নতুন করে বলার কিছু নয়। কিন্তু বাংলাদেশের নামটি আলাদা উচ্চারণ করে ম্যাথিউ মিলার যুক্তরাষ্ট্রের কাছে সংবাদমাধ্যমের স্বাধীনতার মূল্য কতখানি, তা কি বর্তমান বাংলাদেশ সরকারকে বুঝিয়ে দিলেন?

বিশ্বজুড়ে যুক্তরাষ্ট্রের দাদাগিরির কথা কে না জানে? কিন্তু সংবাদমাধ্যমের স্বাধীনতা সেখানে সমুন্নত রয়েছে, সে কথা অস্বীকার করা যাবে না। বাংলাদেশে ৫ আগস্টের পর কোনো কোনো সাংবাদিককে যেসব অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে, তা হাস্যকর। সংবাদমাধ্যমের স্বাধীনতার সঙ্গে এইসব গ্রেপ্তার নাটক যায় না। একসময় এই নাটক নিয়ে আন্তর্জাতিক মহলেও প্রশ্ন উঠবে। সাংবাদিকতার বাইরে তাঁরা কোনো অপরাধ করে থাকলে তা নিয়ে তাঁদের গ্রেপ্তার করা যায়, কিন্তু সাংবাদিকতার কারণে গ্রেপ্তার করা যায় না। আমাদের দেশে তোষামোদি সাংবাদিকতা সব সময়ই ছিল, বিগত সরকারের আমলে তা আরও অনেক দূর এগিয়েছে। সেটা রুচির বিকৃতি, ফৌজদারি অপরাধ নয়। তাই হত্যা মামলায় যেনতেনভাবে সাংবাদিকদের গ্রেপ্তার করা হলে তা সংবাদমাধ্যমের স্বাধীনতার অভাব বলেই পরিগণিত হবে। সাংবাদিকেরা আইনের ঊর্ধ্বে নন। কিন্তু যে আইনে চলছে এই গ্রেপ্তার নাটক, সেটাও কি আইনকে প্রশ্নবিদ্ধ করে না?

## মুন্সীগঞ্জে বদরুদ্দোজা চৌধুরীর দাফন সম্পন্ন

*(১ম পাতার পর)* ইনস্টিটিউট মাঠে বি. চৌধুরীর চতুর্থ জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় পাঁচ শতাধিক মানুষ অংশগ্রহণ করে। এরপর বিকেল পৌনে ৩টার দিকে নিজ গ্রামের বাড়ি মজিদপুর দয়হাটায় পারিবারিক কবরস্থানে দাফন করা হয় তাকে।

জানাজায় অংশ নেন বিকল্পধারা বাংলাদেশর যুগ্ম মহাসচিব মাহি বি চৌধুরী, মুন্সীগঞ্জ জেলা জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক ফখরুদ্দীন আল রাজী, সিরাজদিখান উপজেলার বিএনপির সভাপতি শেখ মোহাম্মদ আব্দুল্লাহ, শ্রীনগর উপজেলার বিএনপির সাবেক সভাপতি মমিন আলী, শ্রীনগর থানার ওসি ইয়াসিন প্রমুখ। এর আগে রোববার সকাল ১০টার দিকে শ্রীনগর উপজেলা স্টেডিয়ামে হাজারো মানুষের উপস্থিতে বি. চৌধুরীর তৃতীয় জানাজা অনুষ্ঠিত হয়। এতে উপজেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক দলের স্থানীয় নেতৃবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

এর আগে বাংলাদেশের সাবেক প্রেসিডেন্ট, দেশের খ্যাতিমান চিকিৎসক অধ্যাপক ডা. একিউএম বদরুদ্দোজা চৌধুরী শুক্রবার (০৪ অক্টোবর) দিবাগত রাত ৩টা ১৫ মিনিটে নিজের প্রতিষ্ঠিত উত্তরা মহিলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজেউন। তার বয়স হয়েছিল ৯৪ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, দুই মেয়ে এবং নাতি-নাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। ফুসফুসের সংক্রমণ নিয়ে গত ২ অক্টোবর সকালে বদরুদ্দোজা চৌধুরীকে উত্তরা মহিলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়। সেদিন তার মেয়ে ডা. শায়লা চৌধুরী জানান যে, তার বাবা আগে থেকেই স্কিমিক হার্ট ডিজিজেস ভুগছিলেন। বৃহস্পতিবার রাতে তাকে লাইফ সাপোর্টে নেওয়ার তথ্য জানিয়েছিলেন ছেলে মাহী বি চৌধুরী।

খ্যাতিমান চিকিৎসক ও প্রবীণ রাজনীতিবিদ বদরুদ্দোজা চৌধুরী ১৯৩০ সালের ১১ অক্টোবর কুমিল্লা শহরের প্রখ্যাত মুন্সেফ বাড়ি, নানাবাড়িতে জন্মগ্রহণ করেন। তার নিজ বাড়ি মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার মজিদপুর দয়াহাটায়। তার বাবা অ্যাডভোকেট কফিল উদ্দিন চৌধুরী কৃষক প্রজা পার্টির সহ-সভাপতি, যুক্তফ্রন্টের সাধারণ সম্পাদক ও তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রাদেশিক মন্ত্রিসভার সদস্য ছিলেন।

বর্ণাঢ্য জীবনের অধিকারী, বিএনপি'র প্রতিষ্ঠাতা মহাসচিব বদরুদ্দোজা চৌধুরী বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, শহীদ রাষ্ট্রপতি ও বিএনপি'র প্রতিষ্ঠাতা মেজর জেনারেল জিয়াউর রহমানের অনুরোধে ১৯৭৮ সালে রাজনীতি শুরু করেন। তিনি মুন্সীগঞ্জের শ্রীনগর থেকে ১৯৭৯ সালে প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন এবং কেবিনেট মন্ত্রীর দায়িত্ব পালন করেন। ১৯৯১ সালে তিনি দ্বিতীয়বার সংসদ সদস্য নির্বাচিত হন এবং প্রথমে শিক্ষামন্ত্রী ও পরে সংসদ উপনেতা হন। ১৯৯৬ সালে তিনি সংসদে বিরোধীদলীয় উপনেতার দায়িত্ব পালন করেন। সর্বশেষ ২০০১ সালে তিনি পুনরায় সংসদ সদস্য নির্বাচিত হন এবং একই বছরের অক্টোবর থেকে নভেম্বর পর্যন্ত বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন।

অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী ২০০১ সালের ১৪ নভেম্বর বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হন। পরবর্তীতে রাজনৈতিক কারণে ২০০২ সালের ২১ জুন রাষ্ট্রপতির পদ থেকে ইস্তফা দেন। ২০০৪ সালের ৮ই মে বি. চৌধুরী বিকল্পধারা বাংলাদেশ নামে একটি রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেন। বর্তমানে তিনি দলটির প্রেসিডেন্টের দায়িত্ব পালন করছিলেন। তার সহধর্মীনির নাম হাসিনা ওয়ার্দা চৌধুরী।

# আমেরিকায় উজ্জ্বল, দেশে কিছুটা ম্লান



বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে বৈঠক করেন। ছবি: বাসস

ক্ষমতা গ্রহণের দুই মাস পূর্ণ হওয়ার আগেই দেশের ভেতর নানা ধরনের বিতর্কে জড়িয়ে পড়ছে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গঠিত অন্তর্বর্তী সরকার। তবে ব্যক্তিগতভাবে ড. ইউনূস আমেরিকা জয় করে এসেছেন। জাতিসংঘের ৭৯তম অধিবেশনে যোগ দেওয়ার জন্য আমেরিকা গিয়ে ড. ইউনূস সে দেশের বর্তমান ও সাবেক প্রেসিডেন্টের কাছে যে খাতির-সমাদর পেয়েছেন তার তুলনা হয় না। সাধারণ পরিষদের অধিবেশনে বাংলায় বক্তৃতা দেওয়ার পাশাপাশি আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন, পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন, কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে বৈঠক করেছেন ইউনূস। পাশাপাশি, ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট, বিশ্বব্যাংকের প্রধান এবং এডিবির শীর্ষকর্তার সঙ্গেও আলাদা করে আলোচনা হয়েছে তাঁর। এইসব দেখা-সাক্ষাৎ ও আলাপ-আলোচনা থেকে এটা স্পষ্ট হয়েছে যে ড. ইউনূসের নেতৃত্বে বাংলাদেশের হাসিনা-পরবর্তী বর্তমান সরকারের প্রতি পশ্চিমি দুনিয়া এবং আমেরিকার পূর্ণ সমর্থন এবং সহযোগিতা অব্যাহত থাকবে ভবিষ্যতে। এটা সুখবর বৈকি!

তবে দেশের ভেতরে শুরুতে ড. মুহাম্মদ ইউনূসকে নিয়ে অনেকের মধ্যে যে আবেগ-উচ্ছ্বাস দেখা গিয়েছিল, দিন দিন তা অনেক কমে আসছে। রাজনীতি যে খুব সহজ বিষয় নয়, রাজনীতিতে প্রশংসা ও নিন্দা যে সবার ক্ষেত্রে সমান স্থায়ী হয় না, তার অনেক প্রমাণ ইতিহাস থেকে দেওয়া যায়। ড. ইউনূসের ক্ষেত্রে কোনটা সত্য হবে, সেটা বলার সময় এখনই নয়।

তবে এটা বলা যায় যে ক্ষুদ্রঋণের প্রবক্তা ড. ইউনূস চার দিনের জন্য নিউইয়র্ক গিয়ে দেশকে এক বৃহৎ উচ্চতায় পৌঁছে দিয়েছেন। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন তাঁর সঙ্গে বৈঠক করেছেন, আলিঙ্গনাবদ্ধ হয়েছেন। বিভিন্ন দেশের সরকার ও রাষ্ট্রপ্রধান তাঁর সঙ্গে দেখা করে তাঁর সরকারকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন। নিন্দুক ছাড়া তাঁর এতসব অর্জনকে কেউ 'ক্ষুদ্র' বলে নিন্দামন্দ করবে না নিশ্চয়ই।

নিউইয়র্কে অবস্থানকালে ড. মুহাম্মদ ইউনূস দেশটির সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের প্রতিষ্ঠান 'ক্লিনটন গ্লোবাল ইনিশিয়েটিভ'-এর একটি অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন। জ্যাকসন হাইটসে আয়োজিত ওই অনুষ্ঠানের মঞ্চে ড. ইউনূস তাঁর দীর্ঘদিনের বন্ধু সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটনের সঙ্গে নানা বিষয়ে কথা বলার ফাঁকে সফরসঙ্গীদের দুইজনকে পরিচয় করিয়ে দেন। প্রধান উপদেষ্টা তাঁর বিশেষ সহকারী মো. মাহফুজ আলমকে সাম্প্রতিক কোটা সংস্কার আন্দোলন ও পরে সরকার পতনের আন্দোলনের কারিগর বা 'মাস্টারমাইন্ড' হিসেবে উল্লেখ করেন। শুধু তা-ই নয়, ড. ইউনূস আরও বলেন, ছাত্র আন্দোলনটি অত্যন্ত পরিকল্পিত, নিখুঁত ও খুব গোছানো ছিল।

ড. ইউনূসের এইসব বক্তব্যের প্রতিক্রিয়া দেশের অভ্যন্তরে খুব ইতিবাচক হয়েছে কি? ছাত্র-জনতার স্বতঃস্ফূর্ত আন্দোলনে কোনো মাস্টারমাইন্ড থাকার কথা নয়। কোনো বিশেষ ব্যক্তি, দল বা সংগঠন এই আন্দোলনের নেতৃত্বে ছিল না। তা ছাড়া, ড. ইউনূস ছাত্রসমাজের এই আন্দোলনকে সরকার পতনের পরিকল্পিত আন্দোলন বলে স্বীকার করায় এখন ওই আন্দোলনকে স্বতঃস্ফূর্ত ও অরাজনৈতিক ভেবে যাঁরা অংশ নিয়েছিলেন, তাঁদের কেউ কেউ নিজেদের 'আহাম্মক' মনে করে মাথা কুটছেন।

বাংলাদেশের কোটাবিরোধী আন্দোলনে বিএনপি-জামায়াত ঢুকেছে বলে শেখ হাসিনার সরকারের পক্ষ থেকে অভিযোগ করা হলে তখন বড় গলায় যাঁরা প্রতিবাদ করতেন, তাঁরা এখন 'খামোশ' হয়েছেন আন্দোলনে নেতৃত্ব দেওয়া সমন্বয়কদের কারও কারও পরিচয় জেনে। ইসলামী ছাত্রশিবিরের নেতারা পরিচয় গোপন করে, এমনকি ছাত্রলীগে নাম লিখিয়েও যে বৈষম্যবিরোধী সেজেছিল, সেসব তথ্য সামনে আসায় সাধারণ মানুষের মধ্যে কি খুব ভালো প্রতিক্রিয়া হয়েছে?

ভয়েস অব আমেরিকার প্রবীণ সাংবাদিক আনিস আহমদের সঙ্গে এক সাক্ষাৎকারে ৩২ নম্বর, বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ইত্যাদি বিষয়ে এক প্রশ্নের উত্তরে ড. ইউনূস বলেছেন, 'আন্দোলনকারীরা রিসেট বাটন টিপেছে-অতীত এখন নিশ্চিহ্ন'। ড. ইউনূসের এই বক্তব্য কি বাংলাদেশের মানুষকে খুব অনুপ্রাণিত করেছে? একাত্তর, মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু যদি অতীত হয়, তাহলে বাংলাদেশের

## মোনায়েম সরকার



থাকে কী?

দুই.

ছাত্র-জনতার আন্দোলন পরিকল্পিত, নিখুঁত ও গোছানো হলেও ওই আন্দোলনের ফলে যে অন্তর্বর্তী সরকার ক্ষমতাসীন হয়েছে, সেই সরকারের কাজকর্ম খুব পরিকল্পিত ও গোছানো বলে মনে হচ্ছে কি? সরকারের কাজকর্মে সমন্বয়হীনতা ও পরিকল্পনার ঘাটতির প্রকাশ লক্ষ করা যাচ্ছে। সংস্কার কমিটির প্রধানদের নাম ঘোষণা ও পরিবর্তনে হোম ওয়ার্কের অভাব দেখা গেছে।

ড. ইউনূসের সরকার আওয়ামী লীগ সরকারের রেখে যাওয়া ব্যবস্থা বদলাবে, এটাই স্বাভাবিক। ওই সরকারের করা নতুন শিক্ষাক্রম অব্যাহত না রাখার সিদ্ধান্ড় নিয়ে নতুন সরকার ২০১২ সালের পুরোনো শিক্ষাক্রম অনুযায়ী আগামী বছর পাঠ্যবই দেওয়ার কথা জানিয়েছে। ২০২৬ সাল থেকে নতুন শিক্ষাক্রম প্রণয়ন করে বই দেওয়ার পরিকল্পনা করা হয়। আগামী বছর চতুর্থ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত নতুন শিক্ষাক্রমের পরিবর্তে ২০১২ সালে প্রণীত শিক্ষাক্রমের আলোকে তৈরি পাঠ্যবই পাবে শিক্ষার্থীরা। তবে বইয়ের বিষয়বস্তুতে কিছু পরিবর্তন হবে। গত ১৫ সেপ্টেম্বর এনসিটিবি প্রণীত ও মুদ্রিত সব পাঠ্যপুস্তক সংশোধন এবং পরিমার্জন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন ও সমন্বয়ের লক্ষ্যে ১০ সদস্যের একটি সমন্বয় কমিটি গঠন করেছিল শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খ ম কবিরুল ইসলামকে আহবায়ক করে গঠিত ওই কমিটিতে সদস্য হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক কামরুল হাসান, বাংলা বিভাগের অধ্যাপক মোহাম্মদ আজম, সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা লুৎফা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মাসুদ আখতার খান, এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক এ কে এম রিয়াজুল হাসান, সদস্য (শিক্ষাক্রম) অধ্যাপক রবিউল কবীর চৌধুরী, সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম) অধ্যাপক এ এফ এম সারোয়ার জাহান, গবেষক রাখাল রাহা এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব মো. ইয়ানুর রহমান (সদস্যসচিব)।

এর মধ্যে অধ্যাপক সামিনা লুৎফা ও অধ্যাপক কামরুল হাসানকে নিয়ে আপত্তি তোলে ধর্মভিত্তিক কয়েকটি সংগঠন। তাদের 'ইসলামবিদ্বেষী' বলে দাবি করা হয়। অধ্যাপক সামিনা লুৎফা ও অধ্যাপক কামরুল হাসান আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে ছাত্র-জনতার আন্দোলনের সময় শিক্ষার্থীদের সঙ্গে সক্রিয় ছিলেন। সাম্প্রদায়িক গোষ্ঠীর বিরোধিতার কারণে এই কমিটি বাতিল করার ঘোষণা দেওয়ার পর শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ গণমাধ্যমের কাছে বলেন, সময় কম, তাই পুরোনো শিক্ষাক্রমের পাঠ্যপুস্তকে ভাষাগত ও সংবেদনশীল বিষয় থাকলে তা দ্রুত সংশোধনের লক্ষ্যে প্রতিটি বিষয়ের জন্য বিশেষজ্ঞ শিক্ষকেরা কাজ করেছেন। যার মধ্যে মাদ্রাসার শিক্ষক যেমন আছেন, তেমনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরাও রয়েছেন।

উল্লেখ করা প্রয়োজন, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে ২০১৭ সালে কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠনের প্রস্তাব অনুযায়ী তখনকার পাঠ্যপুস্তকে বেশ কিছু পরিবর্তন এনেছিল সরকার। বিতর্কের মুখে চলতি বছরের সপ্তম শ্রেণির পাঠ্যবই থেকে 'শরীফার গল্প' শীর্ষক বহুল আলোচিত গল্পটি বাদ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল।

ধর্মভিত্তিক কিছু সংগঠনের মতামতকে গুরুত্ব দিয়ে হুট করে সমন্বয় কমিটি বাতিল করার বিষয়টি ভালোভাবে দেখছেন না অনেকেই। অর্থনীতিবিদ অধ্যাপক আনু মুহাম্মদ বলেছেন, গণ-অভ্যুত্থানের মাধ্যমে এই সরকার এসেছে। তাদের প্রতি জনগণের আস্থা ও প্রত্যাশা ব্যাপক। পাঠ্যপুস্তক পরিমার্জনে সমন্বয় কমিটি বাতিলের মাধ্যমে সরকার সেই আস্থা ও প্রত্যাশার ওপর নিজেই আঘাত করল। এই কমিটি নিশ্চয়ই সরকার বুঝেশুনে করেছিল। সেখানে বাইরের নানা কথাবার্তা বা মিথ্যাচার ও হিংসামিশ্রিত প্রচারণার পর কমিটি বাতিলের মাধ্যমে সরকারের দুর্বলতাই প্রকাশিত হলো। এটা গণতান্ত্রিক রূপান্তর ও শিক্ষা সংস্কারের পথে খুবই খারাপ দৃষ্টান্ত হবে।

অন্যদিকে কমিটি বাতিলের ঘটনাকে মৌলবাদের সঙ্গে অন্তর্বর্তী সরকারের আপসকামিতাকে উদ্বেগজনক দৃষ্টান্ত হিসেবে উল্লেখ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এক বিবৃতিতে বলেছেন, কর্তৃত্ববাদী সরকারের বহুমাত্রিক ও নজিরবিহীন মানবাধিকার লঙ্ঘন এবং হাজারো শহীদের আত্মত্যাগের বিনিময়ে ছাত্র-জনতা নতুন বাংলাদেশ বিনির্মাণের সুযোগ সৃষ্টি করেছে, যা ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিকসহ সব বৈচিত্র্য-মতাদর্শের শান্তিপূর্ণ সহাবস্থান ও সম-অধিকার নিশ্চিত করবে। পাশাপাশি নতুন বাংলাদেশ বৈষম্যমুক্ত, অসাম্প্রদায়িক, স্বচ্ছ, জবাবদিহিমূলক ও সুশাসিত হবে। যেখানে ধর্মীয় বা অন্য কোনো মতাদর্শ কারও ওপর চাপিয়ে দেওয়া হবে না। কিন্তু তাঁরা আতঙ্কের সঙ্গে লক্ষ করছেন, অসাম্প্রদায়িক চেতনা ও বহুত্বের বিরুদ্ধে কুৎসা, বিদ্বেষ, ঘৃণা ছড়িয়ে শঙ্কা ও হুমকির বাতাবরণ সৃষ্টির প্রচেষ্টা ক্রমেই উৎকট রূপ ধারণ করছে। এ ধরনের স্বার্থান্বেষী মহলের অপপ্রচার, হুমকির প্রতি নতি স্বীকার করে অন্তর্বর্তী সরকার আপস করছে; যার উদ্বেগজনক উদাহরণ হলো পাঠ্যপুস্তক সংশোধন ও পরিমার্জন সমন্বয় কমিটি বাতিলের ঘটনা। বিষয়টি একদিকে যেমন সরকারের মৌলবাদ ও সাম্প্রদায়িকতার সঙ্গে আপসের উদাহরণ, অন্যদিকে তেমনি নতুন বাংলাদেশের বৈষম্যহীন, অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক দেশের আকাঙ্খার প্রতি রীতিমতো প্রহসন।

পরবর্তী সময়ে অন্তর্বর্তী সরকারের কাজকর্ম প্রহসনমুক্ত হলেই দেশের মানুষ স্বস্তি পাবে।

*লেখক: রাজনীতিবিদ, লেখক, চেয়ারম্যান, বিএফডিআর*




# স্বদেশের পুলিশ

২য় পর্ব

আজিজুর রহমান

**এভাবেই এক সময়ের চালু থাকা মূল্যবান চারিত্রিক সনদ পত্রের প্রচলন অব মূল্যায়িত হতে থাকলো ।কিছু প্রাপ্তি ও পরিচিতির সুযোগে সমাজের নিকৃষ্ট মানুষটিও সৎ চরিত্রের অধিকারী হয়ে গেলো । আর এতে করে তারা নিরীহ সহজ সরল মানুষের ক্ষতির কারণ হতে থাকলো ।এসব অসৎ চরিত্রের মানুষের আচার আচরণ গুলো ভালো মানুষের জন্য আজাবের কারণ হতে থাকলো ।**

**এমনই ভাবে পরবর্তীতে সমাজের মন্দ লোক গুলো মিথ্যা চরিত্র সনদ ও রাজনৈতিক দলের পরিচয়ে রাষ্ট্রের পুলিশ বাহিনী সহ বিভিন্ন সংস্থায় নিয়োগ প্রাপ্ত হলো ।এসব নিয়োগও শেষ পর্যন্ত লাভের কারণ হলো অনিয়মতান্ত্রিক বা অশুভ রাষ্ট্র পরিচালনার হোতাদের ।রাষ্ট্রীয় ক্ষমতার লোভে তারা তাদের প্রয়োজনে পুলিশ বাহিনীকে সরকারের লাঠিয়াল বাহিনীতে পরিণত করে দিলো ।এচিত্র শুধু আমাদের দেশে নয়, যে সমস্ত দেশে স্বৈর শাসন শুরু হয় বা বহাল আছে সেখানেই পুলিশ বাহিনীর চরিত্র এভাবেই তৈরি করা হয়।**

স্বদেশের পুলিশ ও পুলিশ বাহিনীর অবস্থান নিয়ে আগের লেখা গুলোর সাথে মিল রেখেই আজকের এই লেখাটি ।

রাষ্ট্র তথা আমাদের সমাজ জীবনে পুলিশ বাহিনীর দায়িত্বশীল ভূমিকা অতীব প্রয়োজন।অপরাধ দমন ,রাষ্ট্রীয় সামাজিক আইন সুচারু ভাবে বাস্তবায়ন ,নাগরিকের সার্বিক নিরাপত্তা সহ সমাজের শান্তি শৃঙ্খলা প্রতিষ্টায় পুলিশ বাহিনীর প্রয়োজন সর্বজন স্বীকৃত । এসব দায়িত্ব যথাযথ ভাবে পালনের মাধ্যমে বিদেশের পুলিশ বাহিনী নাগরিকদের বন্ধু আর রাষ্ট্রের আইন শৃঙ্খলা রক্ষার নিয়ামক শক্তি ।এমতাবস্থায় দুংখের সহিত বলতে হয় আমাদের রাষ্ট্রের পুলিশ বাহিনী কিন্তু সেই গুণাবলী অদ্যাবধি অর্জনে ব্যর্থ হয়েছে ।আর শেষ পর্যন্ত জাতি রাষ্ট্রের পুলিশ বাহিনী নাগরিকের জন্য যেনো যম রূপ আবির্ভূত হয়েছে ।

এর মুল কারণ বা এই ব্যর্থতার পিছনে রয়েছে রাষ্ট্রের পুলিশ বাহিনীকে সরকারের লাঠিয়াল হিসাবে যত্রতত্র ব্যবহার করা । সরকার ছাড়াও আমাদের সমাজের এলিটশ্রেণীও এই পুলিশ বাহিনীর চরিত্র ধ্বংসে সদা তৎপর ।তারা নিজেদের অসৎ উপার্জন এবং অবৈধ সম্পদ সৃষ্টিতে পুলিশ বাহিনীর লোকদেরে প্রলোভিত করে নিজেদের স্বার্থ হাসিল করে । অর্থ বিত্তের প্রলোভনে অনেক ভালো পুলিশ আগ্রহী না হলে তারা প্রভাবশালী রাজনীতিবিদদের সহযোগিতায় তাদের অসৎ উদ্দেশ্যে সফলে পুলিশকে ব্যবহার করে । এতে ব্যাক্তি, রাষ্ট্রের পুলিশ ও সরকারের নেতৃস্থানীয় ব্যাক্তি মিলে ত্রিপক্ষীয় শক্তির সৃষ্টি হয় ।আর এই ত্রি শক্তির অসৎ লালসা পূরণে ধ্বংস হয় রাষ্ট্রের নিয়ম কানুন ।আর এমনই ভাবে লুটপাট ও আত্মসাতের মাধ্যমে বঞ্চিত হয় রাষ্ট্রের নিরীহ জনগণ ।তাদের অফুরন্ত লোভ তাদেরকে দেশের নিরীহ ও গরীব জনগণের সহায় সম্পদকে কৌশলে হস্তগতকর্মে নিয়োজিত রাখে।

এসব গর্হিত কাজে সমাজের লুটেরা শ্রেণীর অপতৎপরতায় একসময় সংযুক্ত বা সহযোগী হয় রাষ্ট্রের পুলিশ । পুলিশ বাহিনীর যে সব লোভী মানষিকতার ব্যাক্তি এতে জড়িত হয় তারা দেশের প্রচলিত আইনের অপব্যাখ্যা দিয়ে নিরীহ মানুষের উপর চরম জুলুম নির্যাতনের কৌশল প্রয়োগ করে ।এসব অসৎ পুলিশ মিথ্যা মামলায় জড়িয়ে নিরীহ জনগণকে জেল হাজতে প্রেরণেও তৎপর হয়।

এমনি ভাবে ধীরে ধীরে রাষ্ট্রের পুলিশ ও সুবিধা ভোগী শ্রেণীর অর্থ বিত্ত দিন দিন বাড়তেই থাকে ।আর গরীব জনগণের জীবন মান বিলীন হয়ে যায় ব্যর্থতার ও বঞ্চনার অতল গহ্বরে ।

আজকাল পুলিশ বাহিনীতে সদস্য সংগ্রহ করতেও নেই কোন বাছ বিচার ।অথচ বৃটিশ আমলে নাকি পুলিশ সংগ্রহে শিক্ষা সনদের সাথে চারিত্রিক সনদপত্রও এলাকার জমিদারগণ দিতেন । শোনা যায় জমিদারগণ সনদ দিতে নাকি খুব যাচাই বাচাই করে দিতেন ।তেমনি একটি ঘটনা ছোট বেলা শুনছিলাম। জনৈক আসদ উল্ল্যাহর ছেলে পুলিশে চাকরি নিতে প্রয়োজন হয়েছিল কেশব পুরের জমিদারের তরফ থেকে চারিত্রিক সনদের ।আসদ উল্ল্যাহ জমিদার বাবুর কাছে চরিত্র সনদের জন্য আব্দার করলে পরে জমিদার নাকি সনদ দিয়ে বলেছিলেন ' আসদ উল্ল্যাহ তোমার ছেলে যেনো আমাকে লজ্জিত না করে ।

যাক সে কথা ,এর বেশদিন পর থেকে চারিত্রিক সনদ পত্র শিক্ষা প্রতিষ্ঠান থেকে দেয়া শুরু হলো ।কিছু দিন যেতে না যেতে তা আবার ইউপি চেয়ারম্যান মেম্বার দ্বারা দেয়ার নতুন নিয়ম হলো ।

এভাবেই এক সময়ের চালু থাকা মূল্যবান চারিত্রিক সনদ পত্রের প্রচলন অব মূল্যায়িত হতে থাকলো।কিছু প্রাপ্তি ও পরিচিতির সুযোগে সমাজের নিকৃষ্ট মানুষটিও সৎ চরিত্রের অধিকারী হয়ে গেলো । আর এতে করে তারা নিরীহ সহজ সরল মানুষের ক্ষতির কারণ হতে থাকলো ।এসব অসৎ চরিত্রের মানুষের আচার আচরণ গুলো ভালো মানুষের জন্য আজাবের কারণ হতে থাকলো ।

এমনই ভাবে পরবর্তীতে সমাজের মন্দ লোক গুলো মিথ্যা চরিত্র সনদ ও রাজনৈতিক দলের পরিচয়ে রাষ্ট্রের পুলিশ বাহিনী সহ বিভিন্ন সংস্থায় নিয়োগ প্রাপ্ত হলো ।এসব নিয়োগও শেষ পর্যন্ত লাভের কারণ হলো অনিয়মতান্ত্রিক বা অশুভ রাষ্ট্র পরিচালনার হোতাদের ।রাষ্ট্রীয় ক্ষমতার লোভে তারা তাদের প্রয়োজনে পুলিশ বাহিনীকে সরকারের লাঠিয়াল বাহিনীতে পরিণত করে দিলো ।এচিত্র শুধু আমাদের দেশে নয়, যে সমস্ত দেশে স্বৈর শাসন শুরু হয় বা বহাল আছে সেখানেই পুলিশ বাহিনীর চরিত্র এভাবেই তৈরি করা হয়।

ক্ষমতার প্রয়োজনে অত্যাধুনিক মরণাস্ত্রেও পুলিশ বাহিনীকে সজ্জিত করা হয়।

দেশের নিরীহ নিরস্ত্র মানুষ এভাবেই অসৎ রাজনীতিবিদ ও এলিটশ্রেণীর অশুভ প্রভাবে হারায় তার সম্পদ ইজ্জৎ ও নাগরিক মর্যাদা ।

ধুরন্ধর রাজনীতির বরপুত্ররা দলীয় আস্থাভাজন অযোগ্য অসৎ লোকদের হেকমতে আইন শৃঙ্খলা বাহিনী তথা পুলিশ বাহিনীতে নিয়োগ দিয়ে নিজের ,নিজেদের ক্ষমতা দীর্ঘায়িত করার কৌশলে লিপ্ত থাকে। আর তাদের এই অপতৎপরতার সুবাদে পুলিশ বাহিনীও রূপ নেয় দানবে।

এর বাস্তব রূপ আজ আমাদের দেশের বেশ কিছু পুলিশ বাহিনীর সদস্যদের মধ্যে । তারা আজ অনেকেই রাষ্ট্রের আইননুযায়ী মারাত্মক অপরাধে অপরাধী ।আইনের অপপ্রয়োগ দ্বারা আজ তারা জাতি রাষ্ট্রের নাগরিকদের কাছে ঘৃণিত প্রত্যাখ্যাত । নিজ অপরাধের শংকায় আজ তারা অনেকেই পলাতক ।কি মূল্যই বা আছে তাদের পরিবার সমাজ বা বর্তমান রাষ্ট্র ব্যবস্থায়।

দুনিয়ার মানুষের কাছে তাদের পরিচয় আজ বর্বতার ।কব মূল্য আছে তাদের এ জীবনের । অথচ প্রতিষ্ঠানিক আদর্শে দেশ ও সমাজের স্বার্থে নিয়োজিত থাকলে তাদের কর্ম ও জীবন হতো আদর্শের ।

এমনই অবস্থায় প্রত্যাশা সংগঠিত বিপ্লব হোক আদর্শিক পরিবর্তনের মূল মন্ত্র। সংস্কার সাধনের মাধ্যমে রাষ্ট্র তথা রাষ্ট্রের প্রতিটি অর্গান সহ পুলিশ বাহিনীর আবির্ভাব হোক নতুন রূপে। তার নবরূপের আদর্শ হোক রাষ্ট্রের সেবক ও জনগণের বন্ধুর দিশারি হিসাবে ।

পরিশেষে এটাই চাওয়া ,জনগণের প্রত্যাশা পূর্ণ হোক ।



## মেয়র এরিক অ্যাডামসের পদত্যাগ করা উচিত

*(শেষ পাতার পর)* মেয়র এরিক অ্যাডামসের লিগ্যাল টিম। গত ১ অক্টোবর মঙ্গলবার দায়ের করা মামলায় মেয়রের লিগ্যাল টিম ফেডারেল প্রসিকিউটরদের বিরুদ্ধে গ্র্যান্ড জুরি উপাদান এবং অন্যান্য সংবেদনশীল তথ্য ফাঁস করে আইন লঙ্ঘন করার অভিযোগ আনা হয়েছে। এক বিবৃতিতে মেয়র বলেন, গ্র্যান্ড জুরি সাক্ষ্য এবং অ্যাকশনগুলো গোপণীয় ব্যাপার। যার বিচার আদালতের কক্ষে হয়, রাস্তা বা কোনো বেডরুমে নয়। মেয়র আরো বলেন, তার আইনজীবীরা তাদের কাজ করে যাচ্ছে। আর তিনি নিউইয়র্কের মেয়র হিসেবে দায়িত্ব পালন করে যাবেন। ফেডারেল তদন্তের জেরে মেয়র প্রশাসনের ৬ শীর্ষ কর্মকর্তা পদত্যাগ করেছেন। নিউইয়র্কের ইতিহাসে মেয়র অ্যাডামস প্রথম মেয়র যাকে ফেডারেল তদন্তের মুখোমুখি হতে হয়েছে।

ফেডারেল দুর্নীতির ঘুষের অভিযোগ বাতিল চেয়ে মেয়র এরিক অ্যাডামসের আবেদন

অপরদিকে ফেডারেল দুর্নীতির ঘুষের অভিযোগগুলো বাতিল চেয়ে আদালতে আবেদন করেছেন নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস। গত ৩০ সেপ্টেম্বর সোমবার অ্যাডামস প্রশাসনের উচ্চ ক্ষমতাসম্পন্ন প্রতিরক্ষা অ্যাটর্নি অ্যালেক্স স্পিরো অভিযোগের ৫ নং কাউন্ট বাতিল চেয়ে আদালতে একটি মোশন দাখিল করেছেন। মোশনের প্রাথমিক বিবৃতিতে অনুসারে, মেয়রের বিরুদ্ধে ঘুষেরর যে অভিযোগ করা হয়েছে, তা ঘুষের সংজ্ঞা পূরণ করেনা। অ্যাডামসের বিরুদ্ধে রাজনৈতিক সুবিধার বিনিময়ে একজন তুর্কি কর্মকর্তাসহ বিদেশী নাগরিকদের কাছ থেকে এয়ারলাইন আপগ্রেড, অবৈধ প্রচারাভিযানের অবদান এবং ভ্রমণ সুবিধা গ্রহণের অভিযোগ আনা হয়েছে। তবে স্পিরো বলেন, রাজনীতিবিদদের প্রতি সৌজন্য দেখানো কোনো ফেডারেল অপরাধ নয়। এসময় তিনি অ্যাডামসের বিরুদ্ধে আনা বাকি ৪টি অভিযোগেরও সমালোচনা করেন। এদিকে মঙ্গলবার অ্যাডামসের অন্যতম প্রভাবশালী উপদেষ্টা টিম পিয়ারসন পদত্যাপ পত্র জমা দিয়েছেন। গত মাসে পিয়ারসনের বাড়িতে তল্লাশি চালিয়ে তার ইলেক্ট্রনিক ডিভাইস জব্দ করে এফবিআই।

পদত্যাগ করছেন ডেভিড ব্যাঙ্কস, নতুন স্কুল চ্যান্সেলর নিয়োগ

নির্ধারিত সময়ের কয়েক মাস আগেই পদত্যাগ করছেন নিউইয়র্ক সিটি পাবলিক স্কুল চ্যান্সেলর ডেভিড ব্যাঙ্কস। গত ২ অক্টোবর বুধবার সিটি হল এক বিবৃতিতে জানায়, আগামী ১৬ অক্টোবর থেকে নিউইয়র্কের নতুন স্কুল চ্যান্সেলর হিসেবে মেলিসা অ্যাভিলেস রামোস দায়িত্ব পালন করবেন। বিবৃতিতে সিটির স্কুল এবং শিক্ষার্থীদের উন্নয়নে ডেভিড ব্যাঙ্কসের ভূমিকার প্রতি কৃতজ্ঞতা জানানো হয়। এরআগে সেপ্টম্বরে ডেভিড ব্যাঙ্কস জানান, আগামী ৩১ ডিসেম্বর পদত্যাগ করবেন। সিটি কর্মকর্তারা জানান, চলতি বছরের শুরুতেই অবসরে যাওয়া কথা জানান ব্যাঙ্কস। তার এই অবসরের ঘোষনা এমন সময়ে সামনে এসেছে যখন ফেডারেল তদন্তের মুখে মেয়র প্রসাশনের অনেক শীর্ষ কর্মকর্তা পদত্যাগের ঘোষণা দিয়েছেন। ডেভিড ব্যাঙ্কস ৩ বছর থেকে সিটি পাবলিক স্কুল চ্যান্সেলর হিজসেবে দায়িত্ব পালন করে আসছেন।

## ৭ অক্টোবর নিউইয়র্কে বিক্ষোভের আশঙ্কা

*(প্রথম পাতার পর)* অক্টোবরকে ঘিরে ম্যানহাটনসহ বিভিন্ন স্থানে সবচেয়ে বড় বিক্ষোভ হওয়ার আশঙ্কা রয়েছে। তবে নিউইয়র্কে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। প্রতিটি সিনাগগে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে সিটির কোথাও কোন অপ্রীতিকর ঘটনার তথ্য পাওয়া যাইনি বলে জানিয়েছেন এনওয়াইপিডি।

## ইসরাইলে ইরানের হামলা, নিউইয়র্কে বাড়ানো হয়েছে নিরাপত্তা ব্যবস্থা

*(শেষ পাতার পর)* প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। পরিস্থিতিগুলো নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে বলেও জানান তিনি। শুক্রবার থেকে ইহুদিদের নতুন বছর 'রোশ হাশানাহ' শুরু হবে। অন্যদিকে ৭ অক্টোবর হামাস এবং ইসরায়েল যুদ্ধের ১ বছর পূর্ণ হতে চলেছে। এনওয়াইডিপির এক মুখপাত্র বলেন, একটি উচ্চতর সতর্কতায় ছিলেন তারা। ইতিমধ্যে সিটির চারপাশে সন্ত্রাসবিরোধী ব্যবস্থা মোতায়েন করা হয়েছে বলেও জানান তিনি।

## বাসা-বাড়ির তাপমাত্রা ঠিক রাখতে মালিকদের নির্দেশ

*(শেষ পাতার পর)* নিউইয়র্কে রেকর্ড প্রায় ১ লাখ ৪৪ হাজার ব্যক্তির তাপসংক্রান্ত সমস্যায় সাড়া দেওয়া হয়। এই মৌসুম আগামী বছরের ৩১ মে পর্যন্ত থাকবে বলে জানায় এইচপিডি কর্মকর্তারা।


# দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক

বিশেষ ঘোষণা

## ভোটার নিবন্ধন করার তারিখ এবং সময়সূচী :

২৮ সেপ্টেম্বর — শনিবার দুপুর ১টা থেকে রাত ৯টা পর্যন্ত

এবং

১০ অক্টোবর — বৃহস্পতিবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত

কোথায় ভোটার নিবন্ধন করতে পারবেন জেনে নিন
Vote.NYC
থেকে অথবা কল করুন
866-VOTE-NYC
এবং নিকটস্থ ঠিকানা খুঁজে নিন !

**২৬ অকেটাবর, ২০২৪ থেকে ৩ নভেম্বর, ২০২৪**
অগ্রিম ভোট গ্রহণ করা হবে।

**৫ নভেম্বর, ২০২৪**
নিব্বাচন অনুষ্ঠিত হবে।

আমরা চাই আপনি নিব্বাচন কর্মী হিসাবে আমদের সাথে কাজ করুন।
**Pollworker.vote.nyc**

VOTE NYC



# DR. SADI ALAM, DPM
## Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

**Jamaica Office:** 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



# GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS




37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

# আমলাতন্ত্রই হাসিনাকে ফের রাজনীতিতে ফিরিয়ে আনতে পারে

*(প্রথম পাতার পর)* কতটুকু তা নিয়ে দেশ ও দেশের বাইরে আলোচনা চলছে। দলের সভাপতির দেশত্যাগের সঙ্গে সঙ্গে আওয়ামী লীগের প্রায় সর্বস্তরের নেতারাই দুর্নীতি আর হত্যা মামলা মাথায় নিয়ে গা ঢাকা দিয়ে আছেন। নেতৃত্বশূন্য আওয়ামী লীগের তৃণমূলের অনেক একনিষ্ঠ কর্মী মনে করেন তাদের নেত্রী আবার বাংলাদেশে ফিরে দলের হাল ধরবেন। কিন্তু রাজনীতিতে হাসিনার ফেরা কি আদৌ সম্ভব? হাজারো শহীদ আর অসংখ্য আহত মানুষের আত্মত্যাগের মাধ্যমে স্বৈরাচার পতনের সফল আন্দোলন কি ব্যর্থ হয়ে যাবে? এ নিয়ে উত্তর খোঁজার চেষ্টা করেছে যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত সংবাদমাধ্যম টাইম ম্যাগাজিন। তাদের প্রতিবেদনে আন্তর্জাতিক রাজনীতি বিশ্লেষকদের একাংশ বলছেন, বাংলাদেশের রাজনীতির যে নেতৃত্বশূন্যতা, সেটিই এক সময় শেখ হাসিনাকে দেশে ফিরে আসার পথ এবং রাজনীতি করার সুযোগ তৈরি করে দেবে।

নরওয়ের অসলো বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষক এবং বাংলাদেশের নাগরিক মোবাশ্বের হাসান এ প্রসঙ্গে টাইম সাময়িকীকে বলেন, 'বর্তমানে ক্ষমতাসীন সরকারের বৈধতা রয়েছে, জনসমর্থনও রয়েছে; কিন্তু এই সরকার নির্বাচিত কোনো সরকার নয়। নির্বাচিত সরকারের মতো তাদের কোনো কর্তৃত্ব নেই। শেখ হাসিনা যদি চান, তাহলে এই দুর্বলতাকে ব্যবহার করে এক সময় দেশে ফিরে আসতে পারবেন। এটা কেবলই সময়ের অপেক্ষা।'

যুক্তরাষ্ট্রের থিঙ্কট্যাংক সংস্থা উইলসন সেন্টারের পরিচালক মাইকেল কুগেলম্যানও এমনটা মনে করেন। টাইম সাময়িকীকে তিনি বলেন, 'বাংলাদেশ এবং বাংলাদেশের রাজনীতিতে শেখ হাসিনার প্রত্যাবর্তন শুধু সম্ভবই নয়, খুবই সম্ভব। কারণ পরিবারতন্ত্র দক্ষিণ এশিয়ার দেশগুলোর রাজনীতি ও রাজনৈতিক সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। যুগ যুগ ধরে দক্ষিণ এশিয়ায় এটি চলে আসছে। মাত্র বাংলাদেশে সহসাই এ সংস্কৃতির অবসান ঘটবে এমনটা প্রত্যাশা করা যায় না। তার পরও হয়তো বাংলাদেশ এবং বাংলাদেশের রাজনীতিতে শেখ হাসিনার প্রত্যাবর্তনের সম্ভাবনা শেষ হয়ে যেতো, যদি আওয়ামী লীগকে নিষিদ্ধ করা হতো। কিন্তু দেশটির যে রাজনৈতিক বাস্তবতা, তাতে এটি একেবারেই সম্ভব নয়। আওয়ামী লীগ এখনও বাংলাদেশের বৃহত্তম রাজনৈতিক দল।'

বাংলাদেশের রাজনৈতিক বিশ্লেষক সংস্থা সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজের নির্বাহী পরিচালক জিল্লুর রহমান টাইম ম্যাগাজিনকে এ প্রসঙ্গে বলেন, 'যে পরিস্থিতিতে শেখ হাসিনা দেশ থেকে বিদায় নিয়েছেন এবং তার চলে যাওয়ার পর থেকে আওয়ামী লীগ যে অবস্থায় রয়েছে, তাতে আগামী এক দশকের মধ্যে বাংলাদেশের রাজনীতিতে আওয়ামী লীগ কোনো গুরুত্বপূর্ণ অবস্থানে থাকতে পারে তা একেবারেই ভিত্তিহীন কল্পনা। অবশ্য এই সরকার যদি সার্বিকভাবে ভেঙে পড়ে, তাহলে যেকোনো কিছুই সম্ভব।' এবং এই সরকারের ভেঙে পড়ার আশঙ্কা বেশ ভালোভাবেই রয়েছে বলে মনে করেন বাংলাদেশের সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর জেনারেল এবং নিরাপত্তা বিশ্লেষক শহীদুল হক। টাইম ম্যাগাজিনকে তিনি বলেন, 'আওয়ামী লীগ একটানা ১৫ বছর ক্ষমতায় ছিল। পনের বছর কিন্তু অনেক দীর্ঘ সময়। এই সময়ের মধ্যে বাংলাদেশের পুরো আমলাতন্ত্র ও প্রশাসনকে নিজের মতো করে সাজিয়েছে দলটি। বর্তমান সরকার কয়েকজন চিহ্নিত আমলা ও কর্মকর্তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিচ্ছে ঠিকই, কিন্তু পুরো প্রশাসনকে ঢেলে সাজানো এই সরকারের পক্ষে সম্ভব নয়। তা ছাড়া প্রশাসন ঢেলে সাজাতে গেলে আমলাতন্ত্রের সঙ্গে দ্বন্দ্ব সৃষ্টির আশঙ্কা রয়েছে। তাই অন্তর্বর্তী সরকার পারত পক্ষে কোনোভাবেই এ ঝুঁকি নিতে চাইবে না। আর এই প্রশাসন এবং আমলাতন্ত্রই আওয়ামী লীগ এবং শেখ হাসিনাকে ফের বাংলাদেশের রাজনীতিতে ফিরিয়ে আনবে।'

তবে ইতোমধ্যেই বাংলাদেশের রাজনৈতিক সচেতন মহল বিষয়টা বুঝতে পেরে নড়ে চড়ে বসার চেষ্টা করছেন। রাজনৈতিক মহল দাবি তুলেছে হাসিনা সরকারের সুবিধাভোগীদের প্রশাসন থেকে দ্রুত সরিয়ে বঞ্চিত ও সৎ লোকদের গুরুত্বপূর্ণ পদগুলোতে বসানো হোক। সরকারও প্রশাসনে সংস্কারের জন্য উদ্যোগ নিয়েছে। তবে তার ফল পেতে কিছুটা সময় লাগবে বলে সংশ্লিষ্টদের ধারণা।

শেখ হাসিনার দেশ ত্যাগের পর তাৎক্ষণিক এক প্রতিক্রিয়ায় তার ছেলে সজীব ওয়াজেদ জয় বলেছিলেন যে, তার মা আর রাজনীতিতে ফিরবেন না। পরে অবশ্য তা প্রত্যাহার করে নিয়েছেন তিনি। সম্প্রতি গুঞ্জন উঠেছে যে, শেখ হাসিনার অনুপস্থিতিতে তিনি (জয়) দলের হাল ধরবেন। তিনি সত্যিই এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নিয়েছেন কি না জানতে চাইলে টাইম ম্যাগাজিনকে জয় বলেন, 'আমার কখনওই রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা ছিল না; কিন্তু বর্তমানে যে পরিস্থিতি, তাতে ভবিষ্যতে কী হয় তা কে বলতে পারে? আমি এখনও কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নিইনি।'

তবে জয় যদি রাজনীতিতে যোগ দেয়ার সিদ্ধান্ত নেন, তাহলে এই মুহূর্তে সেটি সঠিক সিদ্ধান্ত হবে কী না তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন ভারতের রাজনৈতিক বিশ্লেষক এবং বাংলাদেশ বিশেষজ্ঞ মীনাক্ষী গাঙ্গুলী।

টাইম সাময়িকীকে মীনাক্ষী এ প্রসঙ্গে বলেছেন, 'আওয়ামী লীগের সবচেয়ে বড় দুর্বলতা হচ্ছে, দলটির রাজনৈতিক চিন্তা-চেতনার পুরোটা জুড়েই রয়েছেন শেখ হাসিনা। তারা বঙ্গবন্ধু কন্যার বাইরে অন্য কাউকে দলীয় প্রধান বা সরকার প্রধানের পদে দেখতে প্রস্তুত নয়। আওয়ামী লীগ যদি তার ভুলগুলো স্বীকার করে, দলের অভ্যন্তরে গণতান্ত্রিক চর্চা বৃদ্ধি করে এবং নিজেকে একটি সত্যিকার গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে পুনর্গঠনের কাজ শুরু করে, কেবল তাহলেই বর্তমান সঙ্কট থেকে দলটির উত্তরণ সম্ভব।'

সফলতার ২৮ বছর বাংলা পত্রিকা

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন

এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে

www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com



প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
AL-AQSA RESTAURANT & PARTY HALL পার্কচেস্টারে
Trusted Al - Aqsa হালাল HALAL
PARTY HALL
বাঙালি মালিকানায় সবচেয়ে বড় রেস্টুরেন্ট এবং পার্টি হল



দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এক স্লিপ

*(শেষ পাতার পর)* পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।
নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

*(শেষ পাতার পর)* 'সেলিম-আলী' আর 'রুহুল-জাহিদ' দুই প্যানেলে ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। অপরদিকে প্রবাসের অন্যতম বৃহত্তম সামাজিক সংগঠন চট্টগ্রাম এসোসিয়েশন অব আমেরিকার (চট্টগ্রাম সমিতি) নির্বাচনে ভোট গ্রহণ হবে ১৯ অক্টোবর শনিবার। এই নির্বাচনে 'তাহের-আরিফ' আর 'মাকসুদ-মাসুদ' এই দুই প্যানেল ছাড়াও সাধারণ সম্পাদক পদে একজন স্বতন্ত্রভাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এছাড়াও কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ'র নির্বাচন আগামী ১৩ অক্টোবর রোববার। কমিউনিটির এসব নির্বাচনে প্যানেল ঘোষণা হলেও প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী সহ গুরুত্বপূর্ণ ৩/৫টি পদের প্রার্থী ছাড়া অন্যান্য প্রার্থীরা আরাম-আয়েশেই আছেন। অপরদিকে ঘাম ছেড়ে যাচ্ছে সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী সহ গুরুত্বপূর্ণ পদের প্রার্থীদের। এনিয়ে নির্বাচনী প্রচার-প্রচারণায় নানা কথা উঠে আসছে। কিন্তু নির্বাচন বলে কথা, অনেকে কিছুই অনেক-কে হযম করতে হচ্ছে। অবস্থা এমন যেনো- 'না পারেন কইতে, না পারেন সইতে'। বাংলাদেশী হোটেল-রেস্তোরাগুলোতে চায়ের টেবিলে বসলে এমন নানা কথাই শুনা যাচ্ছে। ০৬ অক্টোবর ২০২৪


শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD





এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**অক্টোবর ২০২৪ ভিসা বুলেটিন:**

ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) অক্টোবর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে পারিবারিক ভিত্তিতে ২০২৪-এর ভিসা বুলেটিন এর প্রাপ্যতা উল্লেখ করা হলো:

উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট হচ্ছে সেই ডেট যখন ইউএসসিআইএস/ডিওএস তাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে। তারপর আপনার প্রায়োরিটি তারিখ হবে তার পূর্বে। অক্টোবর ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি দেখা যাচ্ছে না।

ফ্যামিলি স্পন্সর অগ্রাধিকার

প্রথম: (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা: অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা ২১ নিম্ন বা তদুর্দ্ধ বয়সী: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা: এপ্রিল ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।

এ বিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

**ইউএসএ-তে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যেসব তথ্যপত্র প্রয়োজন:**

এ ব্যাপারে অনেকের জানতে চাওয়ার প্রেক্ষিতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের প্রয়োজনীয় তথ্য পত্র সম্পর্কে জানানো হলো। ইউএসএ তে স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর জন্য প্রয়োজনীয় তথ্যপত্র:

যদি কেউ ইউএসএ-তে ফোন করে থাকেন এবং তার পারিবারিক কিংবা চাকুরী ভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এডজাস্ট করে গ্রীন কার্ড পেতে পারেন।



স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্ট এর জন্য যা যা প্রয়োজন:

**পারিবারিক ভিত্তিক কেস:**

অবিবাহিত আত্মীয়, ইউএস সিটিজেনদের স্বামী/স্ত্রী পিতা-মাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে। ইউএস সিটিজেনদের অবিবাহিত আত্মীয় যারা বৈধভাবে এদেশে প্রবেশ করেছেন তারা স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারবেন। ইউএস সিটিজেনদের ২১ বছরের উর্ধে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোন।

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি-

(১) বৈধ ভিসায় ইউএসএ প্রবেশ করে থাকেন,

(২) বর্তমানে যদি স্ট্যাটাস বৈধ থাকে,

(৩) অনুমোদিত আই-১৩০ থাকে এবং

(৪) যদি আপনার ক্যাটাগরিতে ভিসা যথেষ্ট থাকে।

